ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

স-২২৫৪
পানিসাগর, ৯ আগস্ট, ২০২৫

**হর ঘর তিরঙ্গা কর্মসূচি**
**পানিসাগরে বর্ণাঢ্য তিরঙ্গা র‍্যালি**

স্বাধীনতা দিবস উদযাপন উপলক্ষে হর ঘর তিরঙ্গা কর্মসূচির অঙ্গ হিসেবে আজ পানিসাগর মহকুমা প্রশাসনের উদ্যোগে এক বর্ণাঢ্য তিরঙ্গা র‍্যালি অনুষ্ঠিত হয়। র‍্যালিটি পানিসাগরের বিবেকানন্দ মুক্ত মঞ্চ থেকে শুরু করে প্রধান প্রধান সড়ক পরিক্রমা করে টাউন হলে এসে শেষ হয়। র‍্যালিতে মহকুমার বিভিন্ন বিদ্যালয়ের ছাত্রছাত্রী, সরকারী কর্মচারীগণ সহ স্থানীয় এলাকার জনগণ অংশগ্রহণ করেন। পরে পানিসাগর টাউন হলে আয়োজিত হয় তিরঙ্গা কনসার্ট। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন পানিসাগর নগর পঞ্চায়েতের চেয়ারপার্সন অনুরাধা দাস, পানিসাগর নগর পঞ্চায়েতের ভাইস চেয়ারপার্সন ধনঞ্জয় দেবনাথ, পানিসাগর পঞ্চায়েত সমিতির ভাইস-চেয়ারম্যান কল্পনা দেবনাথ, পানিসাগর মহকুমার ডিসিএম সুকুমার রিয়াং, পানিসাগর ব্লকের বিডিও মানস ভট্টাচার্য, সমাজসেবী নিরুপম দে ও ধনঞ্জয় দাস প্রমুখ। অনুষ্ঠানে পানিসাগর মহকুমার বিভিন্ন সাংস্কৃতিক সংস্থা শিল্পীগণ দেশাত্মবোধক সঙ্গীত ও নৃত্য পরিবেশন করেন। অনুষ্ঠানে বক্তব্য রাখতে গিয়ে পানিসাগর নগর পঞ্চায়েতের চেয়ারপার্সন অনুরাধা দাস বলেন যে, জাতীয় পতাকার গৌরব সম্মান রক্ষা করা এবং দেশপ্রেমের চেতনাকে সুদৃঢ় করতে সকলকে এগিয়ে আসতে হবে।

*****